

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান অফিস
শাহজাদপুর, সিরাজগঞ্জ।
bbs.shahjadpur.sirajganj.gov.bd

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন অর্থনৈতিক শুমারি ২০২৪ এর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত শাহজাদপুর পৌরসভা শুমারি/জরিপ স্থায়ী কমিটির অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ কামরুজ্জামান
প্রশাসক, শাহজাদপুর পৌরসভা, সিরাজগঞ্জ
স্থান : উপজেলা পরিষদ শহিদ স্মৃতি সন্মেলন কক্ষ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
তারিখ : ২০/১১/২০২৪ খ্রি.
সময় : সকাল ১০.৩০ ঘটিকা

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ পর্যায়ে কমিটির সদস্য সচিবকে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য বলা হয়। সদস্য সচিব উপস্থিত সদস্যদের জানান যে, পরিসংখ্যান আইন ২০১৩ এর আইন অনুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে থাকে। অর্থনৈতিক শুমারি এর মধ্যে অন্যতম। চতুর্থবারের মত অর্থনৈতিক শুমারি ২০২৪ এর মূল কার্যক্রম আগামী ১০ ডিসেম্বর ২০২৪ খ্রি. হতে ২৬ ডিসেম্বর ২০২৪ খ্রি. পর্যন্ত সারাদেশে পরিচালিত হতে যাচ্ছে। অর্থনৈতিক শুমারির মূল লক্ষ্য হলো সময়ের বিবর্তনে একটি দেশের অর্থনীতিতে যে কাঠামোগত পরিবর্তন ঘটে, সে সম্পর্কে সম্যক ধারণা লাভ করা; অকৃষিমূলক কর্মকাণ্ডের কাঠামো নির্ধারণ; System of National Accounts (SNA) 2008 এবং Bangladesh Standard Industrial Classification (BSIC), 2022 ও জাতীয় শিল্পনীতি ২০২২ অনুসরণে পল্লী ও শহর এলাকার শিল্প এবং সেবা খাতে নিয়োজিত প্রতিষ্ঠানের হালনাগাদ ডিরেকটরি প্রস্তুত করা; শ্রেণিবিন্যাস অনুযায়ী অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত সকল প্রতিষ্ঠান সম্পর্কে মৌলিক তথ্য সরবরাহ করা; শিল্প বা ব্যবসা প্রতিষ্ঠানে বিদ্যমান মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা লাভ করা এবং শিল্পোন্নয়নের জন্য দেশের নীতি নির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষকসহ বিভিন্ন অংশীজনদের হালনাগাদ তথ্য সরবরাহ করা। শাহজাদপুর পৌরসভার মূল শুমারি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে শুমারি কর্মীর তালিকা নিম্নোক্ত ছকে তুলে ধরেন:

শুমারি জেলার নাম	পৌরসভার নাম	জোনাল অফিসারের সংখ্যা	আইটি সুপারভাইজারের সংখ্যা (জন)	সুপারভাইজারের সংখ্যা (জন)	তথ্য সংগ্রহকারীর সংখ্যা (জন)
সিরাজগঞ্জ-২	শাহজাদপুর পৌরসভা	৯	৯	৫৮	৩১৭
মোট		৯	৯	৫৮	৩১৭


অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

২. আলোচনা:

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
২.১	তথ্যসংগ্রহকারী নির্বাচন	অর্থনৈতিক শুমারি ২০২৪ এর মূল কার্যক্রম (১০ ডিসেম্বর ২০২৪ হতে ২৬ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত) সকল অর্থনৈতিক ইউনিট (অর্থনৈতিক প্রতিষ্ঠান ও অর্থনৈতিক কর্মকাণ্ড সম্পন্ন খানা) এর তথ্য সংগ্রহ করার নিমিত্ত ইতোপূর্বে শাহজাদপুর উপজেলা শুমারি/জরিপ স্থায়ী কমিটি কর্তৃক তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারের মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা প্রস্তুত করা হয়েছে। এছাড়াও যদি কোন কারণে উক্ত তালিকা ব্যতিত অতিরিক্ত তথ্য সংগ্রহকারীর প্রয়োজন হয় তবে সেক্ষেত্রে শাহজাদপুর উপজেলা শুমারি/জরিপ কমিটির সর্বসম্মতিক্রমে জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর মূল কার্যক্রমের তথ্য সংগ্রহকারী হতে দক্ষ তথ্য সংগ্রহকারী নির্বাচন করা যেতে পারে।	উপজেলা শুমারি /জরিপ কমিটি ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
২.২	আইসিএমএস	শাহজাদপুর পৌরসভার সকল জোনাল অফিসার, আইটি সুপারভাইজার,	উপজেলা পরিসংখ্যান

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
	হালনাগাদকরণ	সুপারভাইজার ও তথ্য তথ্য (সংগ্রহকারীর ট্যাবলেটের আইএমইআই নম্বর ও রবি সিম নম্বর) আইসিএমএস-এ পরিবর্তন সাপেক্ষে হালনাগাদ করতে হবে।	কার্যালয়, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
২.৩	তথ্যসংগ্রহকারী ও ট্যাবের নিরাপত্তা	শাহজাদপুর পৌরসভার সকল তথ্য সংগ্রহকারী ও ট্যাবের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য পৌর পুলিশ প্রশাসনের আন্তরিক সহযোগিতার নিমিত্ত প্রশাসক, শাহজাদপুর পৌরসভা, সিরাজগঞ্জ কে অনুরোধ করা হয়।	উপজেলা পরিসংখ্যান কার্যালয়, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
২.৪	শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক প্রচারণা	জনসাধারণের নিকট অর্থনৈতিক শুমারির গুরুত্ব তুলে ধরার লক্ষ্যে শাহজাদপুর পৌরসভার সকল স্কুল, কলেজ-এর ছাত্র/ছাত্রীদের মধ্যে সচেতনতা সৃষ্টি ও প্রচার প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যক্ষ, শাহজাদপুর সরকারী কলেজ, শাহজাদপুর এবং প্রধান শিক্ষক, শাহজাদপুর সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়কে অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার শাহজাদপুর
২.৫	ব্যবসা ও প্রতিষ্ঠানসমূহের সংক্রিয় অংশগ্রহণ	শাহজাদপুর পৌরসভার সকল ব্যবসা ও প্রতিষ্ঠানসমূহের সংক্রিয় অংশগ্রহণ ও সার্বিক সহায়তা নিশ্চিত করণে সভাপতি, বণিক/ব্যবসায়ী সমিতি, শাহজাদপুর কে অনুরোধ করা হয়।	সভাপতি বণিক/ব্যবসায়ী সমিতি শাহজাদপুর
২.৬	বিশেষ সহযোগিতা	মাঠ পর্যায়ে অর্থনৈতিক শুমারির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে শুমারি কাজে নিয়োজিত কর্মীদের সকল প্রকার সহযোগিতা প্রদানের জন্য পৌরসভা প্রশাসনের সকল সরকারি ও বেসরকারি দপ্তরের আন্তরিক সহযোগিতা বিশেষ প্রয়োজন। প্রেসক্লাব, চেম্বার অব কমার্স, মুক্তিযোদ্ধা সংসদসহ সকল সংগঠনের সভাপতি/সাধারণ সম্পাদক কে শুমারি চলাকালীন সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট সকল

পরিশেষে অর্থনৈতিক শুমারির কাজে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ কামরুজ্জামান
প্রশাসক

শাহজাদপুর পৌরসভা

ও

সভাপতি

শাহজাদপুর পৌরসভা শুমারি/জরিপ স্থায়ী কমিটি
শাহজাদপুর, সিরাজগঞ্জ।